



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



জাতীয় স্টীম অলিম্পিয়াডের (National STEAM Olympiad) গ্র্যান্ড ফিনালে  
অনুষ্ঠিত



৬ই জুলাই ২০২৪-শনিবার, আইটেসেরেক্ট (iTesseract) এর আয়োজনে এবং শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতায় জাতীয় স্টীম অলিম্পিয়াডের (National STEAM Olympiad) গ্র্যান্ড ফিনালে অনুষ্ঠিত হয়। উক্ত অলিম্পিয়াডে অংশ নিয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০১৮-১৯ সেশনের দুইজন শিক্ষার্থী মোঃ আবু ইউসুফ সিয়াম এবং মোঃ রাশেদুল আলম যথাক্রমে কুইজ সেগমেন্ট এবং প্রজেক্ট প্রদর্শনী সেগমেন্টে বিজয়ী হয়। প্রত্যন্ত অঞ্চলসহ সারা বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা এই অলিম্পিয়াডে অংশগ্রহণ করে।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে ছিলেন সমাজকল্যাণমন্ত্রী ডা. দীপু মনি, এমপি।  
এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বুয়েট, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ আরও বিভিন্ন  
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয়গণ এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ইউজিসির  
কর্মকর্তাগণ।